



## পল্লী সঞ্চয় ব্যাংক

প্রধান কার্যালয়

রেড ক্রিসেন্ট বোরাক টাওয়ার (লেভেল-৮)

৩৭/৩/এ, ইস্কাটন গার্ডেন রোড

ঢাকা-১০০০

[www.pallisanachaybank.gov.bd](http://www.pallisanachaybank.gov.bd)



স্মারক নং পসব্য/প্রকা/পরি-২২(অংশ-২)/২০২০-২১/ ৪০৩৫

তারিখ ২৮/৩/২০২১ খ্রিঃ

০১। জেলা কার্যালয়ের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা  
পল্লী সঞ্চয় ব্যাংক, সকল জেলা।

০২। শাখা ব্যবস্থাপক  
পল্লী সঞ্চয় ব্যাংক, সকল শাখা।

### বিষয়ঃ মাঠ সহকারীদের নিয়মিত বাধ্যতামূলকভাবে ডায়েরি ব্যবহার প্রসঙ্গে।


ব্যাংকের সার্বিক পরিস্থিতির উপর বিগত ২৩/০২/২০২১ তারিখে চেয়ারম্যান মহোদয়ের সভাপতিত্বে এক সভা অনুষ্ঠিত হয়। সভায় ব্যবস্থাপনা পরিচালক মহোদয় এবং প্রধান কার্যালয়ের কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন। সভায় ব্যবস্থাপনা পরিচালক মহোদয় অবহিত করেন যে, তিনি বিভিন্ন জেলায় ভ্রমন করছেন। ব্যাংকের মাঠ সহকারীগণের আওতাধীন ঋণ গ্রহীতাগণের তথ্যাদি তাদের নিকট পাওয়া যায়নি, এমনকি জুনিয়র অফিসার, শাখা ব্যবস্থাপক এবং অন্য কোন কর্মচারীর নিকটও পাওয়া যায়নি। তথ্য না থাকার কারণে যাদের নিকট ঋণের কিস্তি অনাদায়ী থেকে যায় তাদেরকে তাগাদা দেয়া সম্ভব হচ্ছে না, ফলে মেয়াদোত্তীর্ণ ঋণের পরিমাণ দিন দিন বৃদ্ধি পাচ্ছে। সভায় সংশ্লিষ্টদের নিকট উপরোক্ত তথ্যাদি সংরক্ষিত না হওয়ায় অসন্তোষ প্রকাশ করা হয় এবং নিম্নবর্ণিত সিদ্ধান্ত গ্রহণ করা হয়:

(ক) মাঠ সহকারীগণকে বাধ্যতামূলকভাবে ডায়েরী ব্যবহার করতে হবে। ডায়েরীতে সংশ্লিষ্ট দিনে কতজন ঋণ গ্রহীতার সাথে যোগাযোগ করা হয়েছে, কতজনের কাছে কিস্তি পাওনা আছে কিন্তু আদায় করা হয়নি, কতজনের নিকট টাকা আদায় করা হয়েছে এবং টাকার পরিমাণ কত ও কতজনকে ঋণ প্রদান করা হয়েছে তার তথ্যাদি লিপিবদ্ধ করতে হবে।

(খ) প্রতি ৭ দিন পর পর জুনিয়র অফিসার, ১৫ দিন পর পর শাখা ব্যবস্থাপক এবং ৩০ দিন পর পর জেলা কার্যালয়ের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা লিপিবদ্ধ তথ্যাদির বিপরীতে প্রতিস্বাক্ষর করবেন।

উপরোক্ত বিষয়ে কোনো গাফিলতি পরিলক্ষিত হলে সংশ্লিষ্টদের বিরুদ্ধে প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ করা হবে।

আদেশক্রমে,



(মোঃ ইসমাইল মিয়া)

সহকারী মহাব্যবস্থাপক

পল্লী সঞ্চয় ব্যাংক

তারিখ ২৮/৩/২০২১ খ্রিঃ

স্মারক নং পসব্য/প্রকা/পরি-২২(অংশ-২)/২০২০-২১/ ৪০৩৫

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হলোঃ

- ১। চেয়ারম্যান, পল্লী সঞ্চয় ব্যাংক।
- ২। ব্যবস্থাপনা পরিচালক, পল্লী সঞ্চয় ব্যাংক।
- ৩। প্রকল্প পরিচালক, আমার বাড়ি আমার খামার প্রকল্প।
- ৪। মহাব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক।
- ৫। নথি।



(মোঃ ইসমাইল মিয়া)

সহকারী মহাব্যবস্থাপক

পল্লী সঞ্চয় ব্যাংক